# ট্রাস্ট গঠনে রাষ্ট্রপতির সার-সংক্ষেপ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রণালয় : শিক্ষা
বিভাগ : শিক্ষা

মহামান্য রাষ্ট্রপতির জন্য

সার-সংক্ষেপ

তারিখ :

নম্বর :

বিষয় : "পথকলি ট্রাষ্ট" গঠন ।

দারিদ্র প্রপীড়িত ভাগ্যাহত, স্বাভাবিক সুযোগ সুবিধা বঞ্চিত এবং নিজ প্রচেষ্টায়
ভাগ্যোন্নয়নে প্রয়াসী শিশু কিশোরদের, যাহাদিগকে "পথকলি" নামে অভিহিত করা হইয়াছে,
শিক্ষা, স্বাস্থ্য, পেশাগত দক্ষতা অর্জন তথা অর্থ নৈতিক উন্নয়ন কর্মকান্ডে অংশ গ্রহণের উপযোগী
করিয়া জাতির সার্বিক উন্নয়ন কার্যক্রমে প্রবেশের সুযোগ প্রদানের জন্য একটি সংগঠন
গড়িয়া তোলা প্রয়োজন । এই সংগঠনটিকে কোন সরকারী বিভাগ বা সংস্থা হিসাবে গঠন
না করিয়া ইহার কর্মক্ষমতা ও গতিশীলতাকে অব্যাহত রাখার স্বার্থে ইহাকে একটি ট্রাষ্ট
হিসাবে গঠন করা যাইতে পারে এবং ইহাকে "পথকলি ট্রাষ্ট" নামে অভিহিত করা যাইতে
পারে । প্রস্তাবিত ট্রাষ্টটির রূপরেখা নিম্নরূপ হইতে পারে :-

২। বোর্ড অব ট্রাষ্টি গঠন :

(ক) প্রস্তাবিত ট্রাষ্টটি পরিচালনার জন্য একজন চেয়ারপারসন ও একজন ভাইস-
চেয়ারপারসন সহমোট ৭(সাত) সদস্য বিশিষ্ট ট্রাষ্টি বোর্ড গঠিত হইবে ।
মাননীয় ফাষ্ট লেডী বেগম রওশন এরশাদ ট্রাষ্টি বোর্ডের প্রথম চেয়ারপারসন
হইবেন এবং তিনি স্বেচ্ছায় পদত্যাগ না করা পর্যন্ত এই পদে বহাল থাকিবেন ।

(খ) চেয়ারপারসন ও ভাইস-চেয়ারপারসন ব্যতিত অন্যান্য সদস্যগণ নিয়োগের
পরবর্তী তিন বৎসর মেয়াদ পর্যন্ত সদস্য হিসাবে কর্মরত থাকিবেন ।

(গ) মেয়াদ পূর্তির আগেই তাঁহারা চেয়ারপারসন বা তাঁহার অবর্তমানে ভাইস
চেয়ারপারসন বরাবরে লিখিত পত্রের দ্বারা সদস্য পদ ত্যাগ করিতে পারিবেন,
তবে, সরকার কর্তৃক তাঁহাদের পদত্যাগপত্র গ্রহণের পূর্ব পর্যন্ত তাঁহারা সদস্যপদে
বহাল থাকিবেন ।

(ঘ) চেয়ারপারসন ও ভাইস চেয়ারপারসন ব্যতিত সরকার যে কোন ট্রাষ্টিকে
তাঁহার বা তাঁহাদের মেয়াদ পূর্তির আগেই তাঁহাদের পদ হইতে অব্যাহতি
দিতে পারিবেন ।

(ঙ) প্রথম চেয়ারপারসন স্বেচ্ছায় পদত্যাগের ক্ষেত্রে সরকার অন্যান্য ট্রাষ্টিদের মধ্য
হইতে বা অন্য যে কোন ব্যাক্তিকে চেয়ারপারসন নিযুক্ত করিবেন । অনুরূপ
নিযুক্তির ক্ষেত্রে চেয়ারপারসন তাঁহার নিযুক্তির তারিখ হইতে অনুর্ধ ৩(তিন)
বৎসর মেয়াদকাল পর্যন্ত, যদি ইহার পূর্বে তিনি স্বেচ্ছায় পদত্যাগ না করেন
বা সরকার কর্তৃক অব্যাহতি প্রাপ্ত না হন, কর্মরত থাকিবেন ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রণালয় :
বিভাগ :

## সার-সংক্ষেপ

তারিখ :

= ২ =

বরাত :

বিষয় :

(চ) মাননীয় শিক্ষা মন্ত্রী পদাধিকার বলে ভাইস চেয়ারপারসন হিসাবে দায়িত্ব পালন করিবেন।

(ছ) পথকলি ট্রাস্টের প্রথম বোর্ডের গঠন নিম্নরূপ হইবে :

চেয়ারপারসন : মাননীয় ফাস্ট লেডী বেগম রওশন এরশাদ।

ভাইস চেয়ারপারসন : শিক্ষা মন্ত্রী জনাব শেখ শহীদুল ইসলাম।

সদস্য :
(১) জনাব ডঃ মিজানুর রহমান (শেলী)
(২) জনাব রেজাউর রহমান
(৩) জনাব সালাহ উদ্দিন
(৪) মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
(৫) একজন মহিলা প্রতিনিধি।

৩। পথকলি ট্রাস্টের লক্ষ্য ও উদ্দেশ্যের সংগে সংগতি রাখিয়া ট্রাস্টি বোর্ডের কার্যাবলীর মধ্যে নিম্নলিখিতগুলি অর্ন্তভূক্ত হইবে :

(ক) ট্রাস্টের সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তির যথাযথ রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা নিশ্চিত করা।

(খ) ট্রাস্টের লক্ষ্য কে ফলপ্রসূ করার উদ্দেশ্যে তহবিল সংগ্রহ এবং পথকলিদের স্বার্থে লাভজনক কাজে বিনিয়োগ।

(গ) পথকলিদের জন্য নিবেদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান, কারিগরী শিক্ষা কেন্দ্র, চিকিৎসা কেন্দ্র এবং ইত্যাকার অন্যান্য হিতকর প্রতিষ্ঠান অধিগ্রহণ ও যথাযথ ব্যবস্থাপনা দ্বারা এই গুলিকে ফল প্রসূ প্রতিষ্ঠান হিসাবে বজায় রাখা।

(ঘ) পথকলিদের জন্য নিবেদিত এবং ট্রাস্ট কর্তৃক অধিগ্রহনকৃত সম্পত্তি বা প্রতিষ্ঠান তাহাদের কার্যক্ষেত্রে অফলপ্রসূ বা অপ্রয়োজনীয় বিবেচিত হইলে সে গুলিকে বিক্রয় বা বিধি সম্মত অন্যান্য পন্থায় হস্তান্তর করা।

(ঙ) পথকলিদের সার্বিক মংগলের লক্ষ্যে প্রকল্প প্রনয়ন ও বাস্তবায়ন সহ যে কোন উপযুক্ত ব্যবস্থা গ্রহণ।

(চ) উপরে বর্ণিত যে কোন কার্য বা কার্যাবলী বোর্ড অব ট্রাস্টি সরাসরি বা উহার তত্ত্বাবধানে অন্য যে কোন ট্রাস্ট, প্রতিষ্ঠান বা সংস্থা দ্বারা সম্পাদিত বা বাস্তবায়ন করাইতে পারিবেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রণালয় :
বিভাগ :

## সার-সংক্ষেপ

তারিখ :

বরাত :



বিষয় :

৪। তহবিল :

(ক) বোর্ড সরকার কর্তৃক প্রদত্ত ১৫(পনের) লক্ষ টাকার প্রাথমিক তহবিল দ্বারা কার্য সম্পাদন আরম্ভ করিবেন।

(খ) বোর্ডের আয়ের অন্যান্য উৎস হইল :

(১) সরকার হইতে প্রাপ্ত অনুদান।

(২) দেশীয় বা বিদেশী ব্যক্তি বা সরকারী বেসরকারী নির্বিশেষে জন হিতকর প্রতিষ্ঠান বা সংস্থা হইতে প্রাপ্ত অনুদান।

(৩) পথকলিদের উদ্দেশ্যে নিবেদিত বিভিন্ন প্রতিষ্ঠান বা প্রকল্পের অধীনে গৃহীত ব্যবস্থাদি বা বিনিয়োগ হইতে প্রাপ্ত আয়।

(গ) ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন মনোনীত একজন ট্রাস্টি বোর্ড সদস্য ও সচিব যৌথভাবে ট্রাস্টের তহবিল পরিচালনা করিবেন।

৫। কর্মকর্তা/কমিটি নিয়োগ :

ট্রাস্টের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়ন করিবার নিমিত্ত বোর্ড অব ট্রাস্টি নির্ধারিত শর্ত বেতনক্রম ও অন্যান্য সুযোগ সুবিধা প্রদান সাপেক্ষে একজন সার্বক্ষনিক সচিব সহ প্রয়োজনীয় সংখ্যক অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ করিতে পারিবেন। অনুরূপভাবে বোর্ড প্রয়োজনীয় ক্ষেত্রে সুনির্দিষ্ট কর্ম সম্পাদনের জন্য কমিটি/সাব কমিটিও নিয়োগ করিতে পারিবেন।

৬। অডিট :

ট্রাস্টের জন্য তহবিল যথাযথ ভাবে সংরক্ষন ও ব্যয় নিরীক্ষার জন্য বোর্ড অব ট্রাস্টি নিয়মিত অডিটের ব্যবস্থা করিবেন।

৭। সম্পত্তি অর্জন :

এই ট্রাস্ট গঠিত হইবার পর ইতিমধ্যে এই লক্ষ্যে অর্জিত সকল বিদ্যালয়, সম্পদ ও প্রতিষ্ঠান এই ট্রাস্টের দায়িত্বে অর্পিত হইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রণালয় :
বিভাগ :

## সার-সংক্ষেপ

তারিখ :

বরাত :

বিষয় : = ৪ =

৮। বিধি প্রনয়ন :

বোর্ড অব ট্রাষ্টির কার্য কর্ম সঠিক লক্ষ্যে এবং বিস্তারিত ভাবে পরিচালনা নিশ্চিত করার জন্য বোর্ড প্রয়োজনীয় বিধি বিধান প্রনয়ন করিতে পারিবেন।

৯। উপরে বর্ণিত রূপরেখা অনুযায়ী প্রস্তাবিত "নজরুল ট্রাষ্ট" গঠন নীতিগতভাবে অনুমোদিত হইলে একটি সরকারী "বিজ্ঞাপন" এর মাধ্যমে ট্রাষ্টটি গঠিত হইতে পারে।

১০। উপরের অনুচ্ছেদে বর্ণিত প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতির সদয় বিবেচনা ও অনুমোদনের জন্য পেশ করা হইল।

( হেদায়েত আহমেদ ) ২/৭/৮৩
শিক্ষা সচিব

শিক্ষা মন্ত্রী
২.৭.৮৩

অনুমোদিত।

২/৭/৮৩
মহামান্য রাষ্ট্রপতি

৪/৭/৮৩